জরুরি
বাজেট অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১

বাজেট পরিপত্র-২

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০২৪-৬১৫

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩২ / ১৫ এপ্রিল ২০২৫

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়ন।**

সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রণীত বাজেট কাঠামো (Ministry Budget Framework, MBF) ইতোমধ্যে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় পর্যালোচনা করা হয়েছে এবং উক্ত সভার পর্যবেক্ষণের আলোকে একটি সম্মত বাজেট কাঠামো প্রণয়নের কাজ চলমান রয়েছে। মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়নের দ্বিতীয় পর্যায়ে মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে ত্রিপক্ষীয় সভায় সম্মত রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার আলোকে বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রয়োজনে সংশোধন/পুনর্নির্ধারণ করতে হবে।

২.০ **মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ:**

২.১ বাজেট কাঠামোতে প্রদর্শিত ব্যয় পরিকল্পনা, হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামোতে (MTMF) প্রক্ষেপিত সর্বমোট ব্যয় এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি বিবেচনা করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য ২০২৫-২৬, ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের জন্য রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে (**পরিশিষ্ট-১ক ও ১খ**)।

২.২ নিম্নবর্ণিত অনুমানসমূহের (Assumptions) ভিত্তিতে রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে:

- মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ যাতে মধ্যমেয়াদি বাজেট কাঠামোতে বর্ণিত কৌশলগত উদ্দেশ্য, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, 'Re-strategising the Economy and Mobilizing Resources for Equitable and Sustainable Development' বিষয়ক টাস্কফোর্স রিপোর্ট ও মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতিমালায় অর্ন্তভুক্ত সরকারের নীতি ও অগ্রাধিকারের ভিত্তিতে কার্যক্রম পরিচালনা এবং মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সক্ষম হয়;
- মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ যাতে সরকারের মৌলিক নীতি নির্ধারণী দলিলসমূহের সাথে সামঞ্জস্য রেখে মানবসম্পদ উন্নয়ন, কর্মসৃজন, দারিদ্র্য নিরসন, নারী ও শিশু উন্নয়ন, জলবায়ু অভিঘাত মোকাবেলা ও প্রশমনে সহায়ক কার্যক্রমে বরাদ্দ বৃদ্ধি করতে সক্ষম হয় এবং দরিদ্র জনগোষ্ঠী, নারী ও শিশু উন্নয়নে প্রদেয় সেবার মান ও পরিমাণ বৃদ্ধি পায়;
- জিডিপি প্রবৃদ্ধির সঙ্গে পরিচালন ও উন্নয়ন ব্যয় বৃদ্ধির সামঞ্জস্য রাখা, যাতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের বর্তমান কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষা করা যায়; এবং
- মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের কৌশলগত ব্যবস্থাপনা ও বাজেট বরাদ্দের সর্বোত্তম ব্যবহার (Optimum Utilization) নিশ্চিত করা সম্ভব হয়।

২.৩ **এ পরিপত্রের মাধ্যমে পুনর্নির্ধারিত রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানকে অবহিত করা হচ্ছে। এতে প্রদত্ত 'রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা' এবং 'ব্যয়সীমা'র ভিত্তিতে ইতোমধ্যে প্রস্তুতকৃত আগামী ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ প্রয়োজনীয় সংশোধন/পুনর্নির্ধারণ করতে হবে।**

২.৪ উন্নয়ন ব্যয়ের বৈদেশিক ঋণের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক বৈদেশিক ঋণ/অনুদানের যে প্রাক্কলন/প্রক্ষেপণ **(পরিশিষ্ট-২)** প্রস্তুত করা হয়েছে, সে অনুযায়ী প্রকল্প ঋণ/অনুদান (PL) ও পুনর্ভরণযোগ্য প্রকল্প ঋণ/অনুদানের (RPL) প্রতিফলন নিশ্চিত করতে হবে।

৩.০ **মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সচিবালয় এবং অধীন অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা সংশোধন/ পুনর্নির্ধারণ:** অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান এবং অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা পর্যালোচনা করে কতিপয় বিষয়ে পর্যবেক্ষণ ও পরামর্শ/দিকনির্দেশনা প্রদান করা হয়। উক্ত পরামর্শ/দিকনির্দেশনার আলোকে মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান এবং অধীন অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি সহায়তা প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা সংশোধন/পুনর্নির্ধারণ করতে হবে।

৩.১ **রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা সংশোধন/পুনর্নির্ধারণে সাধারণভাবে বিবেচ্য বিষয়াদি:**

- কৌশলগত উদ্দেশ্য অর্জনে সহায়ক হয় সেরূপ সুনির্দিষ্ট কার্যক্রমের বিপরীতে অর্থ বরাদ্দ প্রদান করতে হবে। তবে সাধারণভাবে বাজেটে কোন প্রকার থোক বরাদ্দ প্রস্তাব করা যাবে না;
- সরকারি সহায়তা গ্রহণ করে এমন স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বরাদ্দ নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থার চলতি অর্থবছরের নিজস্ব আয় ও আয়ের উৎস/আইটেমসমূহ পর্যালোচনা করতে হবে। ত্রিপক্ষীয় সভায় সম্মত প্রাক্কলিত ও প্রক্ষেপিত আয় সংশ্লিষ্ট অর্থবছরে দেখাতে হবে। নিজস্ব আয়ের অর্থ বাদ দিয়ে সংশ্লিষ্ট সংস্থার জন্য ব্যয়সীমা/সরকারি সহায়তার পরিমাণ নির্ধারণ করে তার ভিত্তিতেই বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন করতে হবে; এবং
- সরকারি সহায়তাপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের পরিমাণ বিবেচনায় নিয়ে ব্যয়সীমা নির্ধারণ করতে হবে এবং সরকারি সহায়তার পরিমাণ ন্যূনতম পর্যায়ে রেখে এর ভিত্তিতেই বিস্তারিতভাবে বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ করতে হবে।

৩.২ **মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ:** অর্থ বিভাগ প্রদত্ত রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার ভিত্তিতে নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/পরিদপ্তরসমূহের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা পুনর্নির্ধারণ করে মন্ত্রণালয়/বিভাগ **পরিশিষ্ট-৫**-এ সংযুক্ত **ফরম-১** ও **ফরম-২** অনুযায়ী iBAS++-এ এন্ট্রি করবে।

৩.৩ **অধিদপ্তর/পরিদপ্তর কর্তৃক রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ:** মন্ত্রণালয়/বিভাগ প্রদত্ত রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার ভিত্তিতে অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়ের সীমা নির্ধারণপূর্বক iBAS++-এ এন্ট্রির ক্ষেত্রে অধিদপ্তর/পরিদপ্তর **পরিশিষ্ট-৫**-এর **ফরম-৩** ও **ফরম-৪** ব্যবহার করবে। উপরন্তু, অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের নির্ধারিত ব্যয়সীমা হতে নিয়ন্ত্রণাধীন/অধীনস্ত প্রতিটি প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থা/স্কিম/প্রকল্পের ব্যয়সীমা নির্ধারণ করে iBAS++-এ এন্ট্রির জন্য পরিচালন কার্যক্রমের ক্ষেত্রে **ফরম-৬ (ক)** এবং উন্নয়ন কার্যক্রমের ক্ষেত্রে **ফরম-৬ (খ)** ব্যবহার করবে।

৩.৪ সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ সচিবালয় অংশ এবং অধীন সকল অধিদপ্তর/পরিদপ্তর/ অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক গ্রুপ/ইউনিট/সংস্থার ২০২৫-২৬, ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের মোট পরিচালন এবং উন্নয়ন ব্যয় পুনর্নির্ধারিত ব্যয়সীমার মধ্যে সীমাবদ্ধ রাখবে।

৪.০ **বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করার জন্য অধিদপ্তর/সংস্থাসমূহকে অনুরোধ জ্ঞাপন:** মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ সচিবালয় অংশ এবং অধীন অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি সহায়তাপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা সংশোধন/ পুনর্নির্ধারণের পর যৌক্তিকতাসহ এ সংক্রান্ত প্রস্তাব সংশ্লিষ্ট বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা অনুমোদনের পর ২০২৫-২৬ অর্থবছরের বিস্তারিত বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ পুনরায় সংশোধন/প্রণয়ন করে প্রেরণ করার জন্য নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থাসমূহকে অনুরোধ জানাতে হবে।

৫.০ **প্রাক্কলন/প্রক্ষেপণ প্রস্তুতির ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা:** মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে:

৫.১ **রাজস্ব ও প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন:** ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব ও প্রাপ্তির বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ পুনরায় সংশোধন/প্রণয়নের ক্ষেত্রে iBAS++-এ **ফরম-৭** ব্যবহার করতে

হবে। এক্ষেত্রে কোন আইটেমের আদায়ের হার বৃদ্ধি করা হয়ে থাকলে পুনর্নির্ধারিত হারে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব আদায়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে এবং প্রস্তাবিত প্রাক্কলনে এর প্রতিফলন নিশ্চিত করতে হবে।

৫.২ **ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন:**

- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান এবং অধীন অধিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থা/সহায়তাপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন এমনভাবে প্রস্তুত করতে হবে যেন তা মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের জন্য উক্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়; এবং
- ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণও এমনভাবে প্রস্তুত করতে হবে যাতে মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের প্রত্যেক অর্থবছরের পরিচালন ও উন্নয়ন ব্যয় সংশ্লিষ্ট অর্থবছরের জন্য উক্ত মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়।

৫.২.১ **পরিচালন ব্যয়ের প্রাক্কলন এবং প্রক্ষেপণ:** সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তরের অন্তর্ভুক্ত অধস্তন দপ্তর/ইউনিট গ্রুপের অধীন প্রাতিষ্ঠানিক ইউনিটের বাজেট ইতোমধ্যে বাজেট পরিপত্র-১ অনুসারে বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী iBAS++-এ **ফরম-৮(ক-১)** ব্যবহার করে প্রস্তুত করা হয়েছে। এক্ষেত্রে বাজেট পরিপত্র-২ অনুযায়ী ব্যয়সীমার সংশোধন/পুনর্নির্ধারণ হয়ে থাকলে এর আলোকে ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন বাজেটের প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। **তবে অর্থ বিভাগের সম্মতি ব্যতিরেকে বাজেট পরিপত্র-১ অনুযায়ী এন্ট্রিকৃত বিস্তারিত অর্থনৈতিক কোডে অন্তর্ভুক্ত নেই এমন কোন অর্থনৈতিক কোডের বিপরীতে বরাদ্দ প্রদর্শন করা যাবে না।**

৫.২.২ **পরিচালন বাজেট হতে সহায়তাপ্রাপ্ত স্বায়ত্তশাসিত সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন:** বাজেট পরিপত্র-১ অনুসারে পরিচালন বাজেট হতে সহায়তাপ্রাপ্ত স্বায়ত্তশাসিত সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ iBAS++-এ বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী **ফরম-৮ (ক-২)** ব্যবহার করে প্রস্তুত করা হয়েছে। অতঃপর নিজস্ব আয়ের অর্থ বাদ দিয়ে সংশ্লিষ্ট সংস্থার জন্য ব্যয়সীমা/সরকারি সহায়তার পরিমাণ নির্ধারণ করা হয়েছে। বর্তমানে বাজেট পরিপত্র-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের অর্থ বাদ দিয়ে অবশিষ্ট সরকারি অর্থ বরাদ্দ/ব্যয়সীমা পুনঃনির্ধারিত হয়ে থাকলে তা বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী **ফরম-৮(ক-২)** ব্যবহার করে উক্ত সংস্থা/প্রতিষ্ঠানের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ প্রয়োজনে নতুন করে পুনরায় iBAS++ এ এন্ট্রি করতে হবে। এক্ষেত্রেও অর্থ বিভাগের সম্মতি ব্যতিরেকে নতুন কোন অর্থনৈতিক কোডের বিপরীতে বরাদ্দ প্রদর্শন করা যাবে না।

৫.৩ **উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ**

৫.৩.১ **বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত স্কিমের প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন:** যে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত স্কিমের জন্য বরাদ্দ রয়েছে কেবলমাত্র সে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানকে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ পুনরায় প্রণয়ন/সংশোধনের জন্য **ফরম ৮ (খ-১)** ব্যবহার করতে হবে। এক্ষেত্রে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলনে অননুমোদিত স্কিমের জন্য কোন বরাদ্দ প্রস্তাব করা যাবে না। সংশ্লিষ্ট স্কিমের সকল ব্যয় বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। তবে প্রকল্প দলিলে অন্তর্ভুক্ত নেই এমন কোডে কোন বরাদ্দ এন্ট্রি করা যাবে না। এছাড়াও ২০২৫-২৬ অথবা ২০২৬-২৭ অর্থবছরে সমাপ্য কোন কর্মসূচির জন্য বরাদ্দ পরবর্তী অর্থবছরের প্রাক্কলন/প্রক্ষেপণে অন্তর্ভুক্ত করা যাবে না।

৫.৩.২ **বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রাক্কলন/ প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা:** বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রাক্কলন/প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান এবং অধীন অধিদপ্তর/সংস্থা অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ পর্যালোচনা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে পুনর্নির্ধারণ করতে পারবে। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য প্রদত্ত মোট এডিপি ব্যয়সীমা কোনভাবেই অতিক্রম করা যাবে না। উল্লেখ্য, মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানকে প্রদত্ত ব্যয়সীমার মধ্যে বৈদেশিক ঋণ/অনুদান (ডিপিএল/আরপিএল), নগদ বৈদেশিক মুদ্রা ইত্যাদি বাবদ ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে। এক্ষেত্রে বৈদেশিক ঋণ/অনুদান, নগদ বৈদেশিক মুদ্রা ইত্যাদি ব্যয় বিবেচনা করে প্রকল্পের প্রাক্কলন/প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। এ বাবদ ব্যয়সীমার অতিরিক্ত কোন অর্থ বরাদ্দ প্রদান করা হবে না। কোন প্রকল্পের জন্য বরাদ্দ নির্ধারণের সময়ে লক্ষ্য রাখতে হবে যেন উক্ত প্রকল্পের জন্য অনুমোদিত মোট প্রকল্প ব্যয় এবং মেয়াদ অতিক্রান্ত না হয়। ২০২৫-২৬ অর্থবছরের

বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে নতুন প্রকল্প অন্তর্ভুক্তির বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের প্রস্তাব পরীক্ষা করে পরিকল্পনা কমিশন প্রচলিত নিয়মে যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫.৩.৩ **২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রাক্কলন:** ২০২৫-২৬ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পের ব্যয়ের প্রাক্কলন সংশোধন/পুনঃপ্রণয়নের জন্য **ফরম-৮ (খ-১)** ব্যবহার করতে হবে। প্রতিটি প্রকল্পের বিপরীতে বরাদ্দের প্রাক্কলন ও প্রক্ষেপণ অর্থনৈতিক কোড (Economic Code) অনুযায়ী iBAS++ এ বিস্তারিত (Detail) এন্ট্রি করতে হবে। প্রকল্প দলিলে অন্তর্ভুক্ত নেই এমন অর্থনৈতিক কোডের বিপরীতে বরাদ্দ প্রদর্শন থেকে বিরত থাকতে হবে। ২০২৫-২৬ অর্থবছরের প্রাক্কলনে অননুমোদিত প্রকল্পের জন্য বরাদ্দ অন্তর্ভুক্ত করা যাবে না। তবে, ২০২৬-২৭ এবং ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণে অনুমোদিত ও অননুমোদিত সম্ভাব্য সকল প্রকল্পের জন্য বরাদ্দ রাখতে হবে। এছাড়া, বৈদেশিক ঋণ/অনুদান প্রাপ্তির সুবিধার্থে ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে নীতিগতভাবে অন্তর্ভুক্তিযোগ্য প্রকল্পসমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫.৩.৪ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের অধীনস্ত স্বায়ত্তশাসিত সংস্থা/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/বেসরকারি প্রতিষ্ঠান-এর অনুকূলে সরকারি অর্থায়নে উন্নয়ন বাজেটভুক্ত প্রকল্প/স্কিমের ক্ষেত্রে **ফরম ৮ (খ-২)** পূরণ করতে হবে।

৬.০ **পরিকল্পনা কমিশন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মতামত:** অধিদপ্তর/সংস্থাসমূহ নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব অধিদপ্তর/সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের পর সংশোধিত/পুনর্নির্ধারিত প্রাক্কলন ও প্রক্ষেপণ মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানে প্রেরণ করবে। মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ওয়ার্কিং গ্রুপ সচিবালয় অংশসহ প্রাপ্ত প্রাক্কলন ও প্রক্ষেপণ পরীক্ষাক্রমে সুপারিশ প্রণয়ন করবে। মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশকৃত পরিচালন ও উন্নয়ন বাজেটের প্রাক্কলন ও প্রক্ষেপণ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রকল্পভিত্তিক বরাদ্দের ওপর মতামতের জন্য প্রেরণ করতে হবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রাক্কলন/প্রক্ষেপণের ওপর প্রকল্পভিত্তিক বরাদ্দ সম্পর্কিত মতামত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানে প্রেরণ করবে। উল্লেখ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কেবল প্রকল্প সাহায্য বরাদ্দের বিষয়ে প্রকল্পভিত্তিক মতামত প্রদান করবে।

৭.০ **বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ পরীক্ষা ও চূড়ান্তকরণ:** বাজেট ব্যবস্থাপনা কমিটি সচিবালয়সহ অধিদপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পরিচালন ও উন্নয়ন বাজেট (প্রাক্কলন ও প্রক্ষেপণ) বিষয়ে বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মতামত পরীক্ষাপূর্বক সামগ্রিক বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন করবে।

৮.০ **ব্যয়সীমার অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব:** সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভার আলোচনার ভিত্তিতে যে ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে উক্ত ব্যয়সীমাই সর্বোচ্চ বরাদ্দ এবং এ বরাদ্দ বৃদ্ধির কোন অবকাশ থাকবে না। অনুমোদিত সম্পদসীমার মধ্যে সকল দপ্তর/সংস্থা কর্তৃক প্রস্তাবিত প্রকল্প/স্কিমসমূহের বরাদ্দ সংকুলান করা সম্ভব না হলে ত্রিপক্ষীয় সভার সুপারিশ, মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য এবং প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহের (KPI) লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প/স্কিমসমূহের গুরুত্ব বিবেচনায় নিয়ে বাজেট ওয়ার্কিং গ্রুপ প্রকল্প/স্কিমসমূহের পুনঃঅগ্রাধিকার নির্ধারণপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটির জন্য সুপারিশ প্রণয়ন করবে। সেক্ষেত্রে অগ্রাধিকার তালিকার ভিত্তিতে অপেক্ষাকৃত কম অগ্রাধিকারসম্পন্ন কার্যক্রম/প্রকল্প/স্কিম বাদ দিয়ে অথবা এ জাতীয় কার্যক্রম/প্রকল্প/স্কিমের বরাদ্দের পরিমাণ হ্রাস করে অপেক্ষাকৃত উচ্চ অগ্রাধিকারসম্পন্ন কার্যক্রম/প্রকল্প/স্কিমের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের ব্যবস্থা করতে হবে। বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ পর্যালোচনা করে বাজেট ব্যবস্থাপনা কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৯.০ **অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন প্রকল্প ব্যয়ের সমন্বয়/সংশোধন:** পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ও কার্যক্রম বিভাগ বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত প্রকল্পের অর্থনৈতিক গ্রুপ কোডভিত্তিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ পর্যালোচনা করবে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে পরামর্শক্রমে চূড়ান্ত করবে। জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) কর্তৃক অনুমোদনের অব্যবহিত পর আইবাস (iBAS++)-এ আপলোড (Upload) করার জন্য কার্যক্রম বিভাগ চূড়ান্ত এডিপি ইলেক্ট্রনিক্যালি (Electronically) অর্থ বিভাগে প্রেরণ করবে। কার্যক্রম বিভাগ কর্তৃক চূড়ান্ত সংশোধনের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান প্রযোজ্য প্রকল্প/প্রকল্পসমূহের ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ বিস্তারিত অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজনে প্রয়োজনীয় সমন্বয়/সংশোধন নিশ্চিত করবে।

১০.০ **বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী:** অর্থ বিভাগ/পরিকল্পনা কমিশনে প্রেরণের পূর্বে বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি বাজেট ওয়ার্কিং গ্রুপের সহায়তায় বিস্তারিতভাবে পরীক্ষা ও অনুমোদন করবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি নিশ্চিত করবে যে, বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ এই পরিপত্রে বর্ণিত নীতিমালা/পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত প্রাক্কলন/প্রক্ষেপণ অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণকালে এর সাথে বাজেট ব্যবস্থাপনা কমিটির সংশ্লিষ্ট সভাসমূহের কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।

১১.০ **সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং সময়সীমা:** সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং সময়সীমার ক্ষেত্রে (**পরিশিষ্ট-৩**) বাজেট পরিপত্র-২ এ বর্ণিত পদ্ধতি ও সময়সীমা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১২.০ **স্পষ্টীকরণ:** বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/দিকনির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে দায়িত্বপ্রাপ্ত হেল্প ডেস্ক কর্মকর্তাদের (**পরিশিষ্ট-৪**) সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৩.০ **বাজেট প্রাক্কলন দাখিল করার সময়সীমা:** ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণসমূহ আগামী ২৪ এপ্রিল, ২০২৫ তারিখের মধ্যে iBAS++ এ এন্ট্রি (Entry) সম্পন্নকরণ এবং হার্ড কপি (Hard Copy) অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রস্থ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল। উল্লেখ্য, যদি কোন মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের বার্ষিক উন্নয়ন কর্মসূচি/উন্নয়ন বাজেটের সঙ্গে একাধিক সেক্টর ডিভিশন সংশ্লিষ্ট থাকে তাহলে সংশ্লিষ্ট সকল সেক্টর ডিভিশনে বাজেট প্রাক্কলনের সংশ্লিষ্ট অংশ প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে বাজেট প্রাক্কলনসমূহ অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত/-
(বিলকিস জাহান রিমি)
অতিরিক্ত সচিব (বাজেট-১)
ফোন: ৯৫১১০৫০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা
৯. সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সিনিয়র সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
১৪. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
২০. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহণ পুল, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা
২২. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
২৩. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
২৪. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৬. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
২৮. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ১৪/ওয়াই, শেরে বাংলা নগর, ঢাকা
২৯. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩০. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩১. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩৩. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৪. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আবদুল গণি রোড, ঢাকা
৩৫. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৩৭. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৮. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৩৯. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৩. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৫. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৭. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৪৮. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৯. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
৫০. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৫১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৫২. সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৫৩. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, মহাখালী, ঢাকা
৫৪. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৫. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৬. সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৭. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৮. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৯. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬০. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬১. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৬২. রেজিষ্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৬৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০২৪-৬১৫

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩২ / ১৫ এপ্রিল ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৩. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৪. সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৫. সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৬. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৭. জাতীয় কর্মসূচি পরিচালক, স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস), শহীদ প্রকৌশলী ভবন (৫ম তলা), আইইবি, রমনা, ঢাকা
৮. অতিরিক্ত সচিব (বাজেট-২), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সকল বাজেট কর্মকর্তা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সকল MTBF কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা

২৫/০৪/২০২৫
(মোহাম্মদ ফারুক-উজ-জামান)
যুগ্মসচিব (বাজেট-১)
ফোনঃ ২২৩৩৫৬০৪৩

পরিশিষ্ট-১ (ক)

রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা

(কোটি টাকায়)

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ	রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা		
		২০২৫-২৬	২০২৬-২৭	২০২৭-২৮
১	রাষ্ট্রপতির কার্যালয়			
২	সংসদ সচিবালয়			
৩	প্রধান উপদেষ্টার কার্যালয়			
৪	মন্ত্রিপরিষদ বিভাগ			
৫	বাংলাদেশ সুপ্রিম কোর্ট			
৬	নির্বাচন কমিশন সচিবালয়			
৭	জনপ্রশাসন মন্ত্রণালয়			
৮	সরকারি কর্মকমিশন সচিবালয়			
৯	অর্থ বিভাগ			
১০	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়			
১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ			
১২	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ			
১৩	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ			
১৪	পরিকল্পনা বিভাগ			
১৫	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ			
১৬	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ			
১৭	বাণিজ্য মন্ত্রণালয়			
১৮	পররাষ্ট্র মন্ত্রণালয়			
১৯	প্রতিরক্ষা মন্ত্রণালয়			
২০	সশস্ত্র বাহিনী বিভাগ			
২১	আইন ও বিচার বিভাগ			
২২	জননিরাপত্তা বিভাগ			
২৩	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ			
২৪	প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ			
২৫	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ			
২৬	বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রণালয়			
২৭	স্বাস্থ্য সেবা বিভাগ			
২৮	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ			
২৯	সমাজ কল্যাণ মন্ত্রণালয়			
৩০	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়			
৩১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়			
৩২	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়			
৩৩	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়			
৩৪	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়			
৩৫	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়			

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ	রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা		
		২০২৫-২৬	২০২৬-২৭	২০২৭-২৮
৩৬	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়			
৩৭	স্থানীয় সরকার বিভাগ			
৩৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ			
৩৯	শিল্প মন্ত্রণালয়			
৪০	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়			
৪১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়			
৪২	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ			
৪৩	কৃষি মন্ত্রণালয়			
৪৪	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়			
৪৫	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়			
৪৬	ভূমি মন্ত্রণালয়			
৪৭	পানি সম্পদ মন্ত্রণালয়			
৪৮	খাদ্য মন্ত্রণালয়			
৪৯	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়			
৫০	সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ			
৫১	রেলপথ মন্ত্রণালয়			
৫২	নৌ-পরিবহণ মন্ত্রণালয়			
৫৩	বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়			
৫৪	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ			
৫৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়			
৫৬	বিদ্যুৎ বিভাগ			
৫৭	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়			
৫৮	দুর্নীতি দমন কমিশন			
৫৯	সেতু বিভাগ			
৬০	কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ			
৬১	সুরক্ষা সেবা বিভাগ			
৬২	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ			

পরিশিষ্ট -১ (খ)

ব্যয়সীমা

(কোটি টাকায়)

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ	ব্যয়সীমা		
		২০২৫-২৬	২০২৬-২৭	২০২৭-২৮
১	রাষ্ট্রপতির কার্যালয়			
২	সংসদ সচিবালয়			
৩	প্রধান উপদেষ্টার কার্যালয়			
৪	মন্ত্রিপরিষদ বিভাগ			
৫	বাংলাদেশ সুপ্রিম কোর্ট			
৬	নির্বাচন কমিশন সচিবালয়			
৭	জনপ্রশাসন মন্ত্রণালয়			
৮	সরকারি কর্মকমিশন সচিবালয়			
৯	অর্থ বিভাগ			
১০	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়			
১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ			
১২	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ			
১৩	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ			
১৪	পরিকল্পনা বিভাগ			
১৫	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ			
১৬	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ			
১৭	বাণিজ্য মন্ত্রণালয়			
১৮	পররাষ্ট্র মন্ত্রণালয়			
১৯	প্রতিরক্ষা মন্ত্রণালয়			
২০	সশস্ত্র বাহিনী বিভাগ			
২১	আইন ও বিচার বিভাগ			
২২	জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়			
২৩	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ			
২৪	প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ			
২৫	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ			
২৬	বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রণালয়			
২৭	স্বাস্থ্য সেবা বিভাগ			
২৮	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ			
২৯	সমাজ কল্যাণ মন্ত্রণালয়			
৩০	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়			
৩১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়			
৩২	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়			
৩৩	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়			
৩৪	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়			
৩৫	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়			

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ	ব্যয়সীমা		
		২০২৫-২৬	২০২৬-২৭	২০২৭-২৮
৩৬	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়			
৩৭	স্থানীয় সরকার বিভাগ			
৩৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ			
৩৯	শিল্প মন্ত্রণালয়			
৪০	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়			
৪১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়			
৪২	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ			
৪৩	কৃষি মন্ত্রণালয়			
৪৪	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়			
৪৫	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়			
৪৬	ভূমি মন্ত্রণালয়			
৪৭	পানি সম্পদ মন্ত্রণালয়			
৪৮	খাদ্য মন্ত্রণালয়			
৪৯	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়			
৫০	সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ			
৫১	রেলপথ মন্ত্রণালয়			
৫২	নৌ-পরিবহণ মন্ত্রণালয়			
৫৩	বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়			
৫৪	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ			
৫৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়			
৫৬	বিদ্যুৎ বিভাগ			
৫৭	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়			
৫৮	দুর্নীতি দমন কমিশন			
৫৯	সেতু বিভাগ			
৬০	কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ			
৬১	সুরক্ষা সেবা বিভাগ			
৬২	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ			

পরিশিষ্ট -২

বৈদেশিক ঋণ/অনুদানের প্রাক্কলন ও প্রক্ষেপণ

(কোটি টাকায়)

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ	বৈদেশিক ঋণ/অনুদানের প্রাক্কলন/প্রক্ষেপণ		
		২০২৫-২৬	২০২৬-২৭	২০২৭-২৮
১	রাষ্ট্রপতির কার্যালয়			
২	সংসদ সচিবালয়			
৩	প্রধান উপদেষ্টার কার্যালয়			
৪	মন্ত্রিপরিষদ বিভাগ			
৫	বাংলাদেশ সুপ্রিম কোর্ট			
৬	নির্বাচন কমিশন সচিবালয়			
৭	জনপ্রশাসন মন্ত্রণালয়			
৮	সরকারি কর্মকমিশন সচিবালয়			
৯	অর্থ বিভাগ			
১০	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়			
১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ			
১২	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ			
১৩	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ			
১৪	পরিকল্পনা বিভাগ			
১৫	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ			
১৬	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ			
১৭	বাণিজ্য মন্ত্রণালয়			
১৮	পররাষ্ট্র মন্ত্রণালয়			
১৯	প্রতিরক্ষা মন্ত্রণালয়			
২০	সশস্ত্র বাহিনী বিভাগ			
২১	আইন ও বিচার বিভাগ			
২২	জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়			
২৩	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ			
২৪	প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ			
২৫	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ			
২৬	বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রণালয়			
২৭	স্বাস্থ্য সেবা বিভাগ			
২৮	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ			
২৯	সমাজ কল্যাণ মন্ত্রণালয়			
৩০	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়			
৩১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়			
৩২	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়			
৩৩	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়			
৩৪	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়			
৩৫	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়			

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ	বৈদেশিক ঋণ/অনুদানের প্রাক্কলন/প্রক্ষেপণ		
		২০২৫-২৬	২০২৬-২৭	২০২৭-২৮
৩৬	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়			
৩৭	স্থানীয় সরকার বিভাগ			
৩৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ			
৩৯	শিল্প মন্ত্রণালয়			
৪০	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়			
৪১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়			
৪২	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ			
৪৩	কৃষি মন্ত্রণালয়			
৪৪	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়			
৪৫	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়			
৪৬	ভূমি মন্ত্রণালয়			
৪৭	পানি সম্পদ মন্ত্রণালয়			
৪৮	খাদ্য মন্ত্রণালয়			
৪৯	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়			
৫০	সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ			
৫১	রেলপথ মন্ত্রণালয়			
৫২	নৌ-পরিবহণ মন্ত্রণালয়			
৫৩	বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়			
৫৪	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ			
৫৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়			
৫৬	বিদ্যুৎ বিভাগ			
৫৭	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়			
৫৮	দুর্নীতি দমন কমিশন			
৫৯	সেতু বিভাগ			
৬০	কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ			
৬১	সুরক্ষা সেবা বিভাগ			
৬২	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ			

পরিশিষ্ট-৩

বাজেট পরিপত্র-২ অনুসারে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীতব্য পদক্ষেপ এবং সময়সীমা

গৃহীতব্য পদক্ষেপ	দায়িত্ব	সময়সীমা
মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সচিবালয় অংশ এবং অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি সহায়তাপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ব্যয়সীমা সংশোধন/পুনর্নির্ধারণ।	বাজেট ব্যবস্থাপনা কমিটি	১৭ এপ্রিল, ২০২৫
২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করার জন্য নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহকে অনুরোধ জ্ঞাপন।	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ	১৭ এপ্রিল, ২০২৫
২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়নপূর্বক স্ব-স্ব অধিদপ্তর/সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটি'র অনুমোদনক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ।	সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থা	২০ এপ্রিল, ২০২৫
অধিদপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ পরীক্ষাকরণ।	বাজেট ওয়ার্কিং গ্রুপ, মন্ত্রণালয়/বিভাগ	২১ এপ্রিল, ২০২৫
মন্ত্রণালয়/বিভাগের বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশকৃত পরিচালন ও উন্নয়ন বাজেট (প্রাক্কলন ও প্রক্ষেপণ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রকল্পভিত্তিক বরাদ্দের ওপর মতামতের জন্য প্রেরণ করবে।	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ	২১ এপ্রিল, ২০২৫
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন মন্ত্রণালয়/ বিভাগ হতে প্রাপ্ত প্রাক্কলন/ প্রক্ষেপণের ওপর প্রকল্পভিত্তিক বরাদ্দের ওপর মতামত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। উল্লেখ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কেবল প্রকল্প সাহায্য বরাদ্দের বিষয়ে প্রকল্পভিত্তিক মতামত প্রদান করবে।	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং কার্যক্রম বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন, পরিকল্পনা কমিশন	২২ এপ্রিল, ২০২৫
সচিবালয়সহ অধিদপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পরিচালন ও উন্নয়ন বাজেট (প্রাক্কলন ও প্রক্ষেপণ) বিষয়ে বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মতামত পরীক্ষাপূর্বক সামগ্রিক বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন।	বাজেট ব্যবস্থাপনা কমিটি	২৩ এপ্রিল, ২০২৫
২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণসমূহ/তথ্য/উপাত্তসমূহ বাজেট ডাটাবেজে (*iBAS++*) এন্ট্রিপূর্বক অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ।	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ	২৪ এপ্রিল, ২০২৫

পরিশিষ্ট-৪

অর্থ বিভাগের বাজেট কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর	
১.	অর্থ বিভাগ	জনাব মোহাম্মদ জাকির হোসেন উপসচিব (বাজেট-১) ফোনঃ ৯৫১৪১৪৬	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
২.	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	জনাব মোহাম্মদ জাকির হোসেন উপসচিব (বাজেট-১) ফোনঃ ৯৫১৪১৪৬	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৩.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	জনাব মোহাম্মদ জাকির হোসেন উপসচিব (বাজেট-১) ফোনঃ ৯৫১৪১৪৬	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৪.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	জনাব শাহরিয়ার জামিল সিনিয়র সহকারী সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২৯	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৫.	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	জনাব শাহরিয়ার জামিল সিনিয়র সহকারী সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২৯	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৬.	সরকারি কর্মকমিশন সচিবালয়	জনাব শাহরিয়ার জামিল সিনিয়র সহকারী সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২৯	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৭.	খাদ্য মন্ত্রণালয়	জনাব মো: মশিউর রহমান তালুকদার উপসচিব (বাজেট-৩) ফোনঃ ২২২৩৩১৮৬	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৮.	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	জনাব মো: মশিউর রহমান তালুকদার উপসচিব (বাজেট-৩) ফোনঃ ২২২৩৩১৮৬	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৯.	রাষ্ট্রপতির কার্যালয়	জনাব মোঃ শাফিউল ইসলাম যুগ্মসচিব (বাজেট-৪) ফোনঃ ২২৩৩৫৪০১৩	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১০.	নির্বাচন কমিশন সচিবালয়	জনাব মোঃ শাফিউল ইসলাম যুগ্মসচিব (বাজেট-৪) ফোনঃ ২২৩৩৫৪০১৩	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১১.	স্বাস্থ্যসেবা বিভাগ	জনাব মোঃ শাফিউল ইসলাম যুগ্মসচিব (বাজেট-৪) ফোনঃ ২২৩৩৫৪০১৩	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১২.	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	জনাব মোঃ শাফিউল ইসলাম যুগ্মসচিব (বাজেট-৪) ফোনঃ ২২৩৩৫৪০১৩	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১৩.	প্রধান উপদেষ্টার কার্যালয়	জনাব শাহিন রেজা সিনিয়র সহকারী সচিব (বাজেট-৫) ফোনঃ ৯৫৪০২৮৬	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১৪.	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	জনাব শাহিন রেজা সিনিয়র সহকারী সচিব (বাজেট-৫) ফোনঃ ৯৫৪০২৮৬	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১৫.	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	বেগম নাহিদ সুলতানা সিনিয়র সহকারী সচিব (বাজেট-৬) ফোনঃ ২২৩৩৫৬০৩৮	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১৬.	জননিরাপত্তা বিভাগ	বেগম নাহিদ সুলতানা সিনিয়র সহকারী সচিব (বাজেট-৬) ফোনঃ ২২৩৩৫৬০৩৮	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১৭.	সুরক্ষা সেবা বিভাগ	বেগম নাহিদ সুলতানা সিনিয়র সহকারী সচিব (বাজেট-৬) ফোনঃ ২২৩৩৫৬০৩৮	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১৮.	প্রতিরক্ষা মন্ত্রণালয়	বেগম মিলিয়া শারমিন যুগ্মসচিব (বাজেট-৭) ফোনঃ ২২৩৩৮০৩০৮	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১৯.	সশস্ত্র বাহিনী বিভাগ	বেগম মিলিয়া শারমিন যুগ্মসচিব (বাজেট-৭)	বেগম রওনক জাহান যুগ্মসচিব (বাজেট অধিশাখা-২)

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর	
		ফোনঃ ২২৩৩৮০৩০৮	ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
২০.	পররাষ্ট্র মন্ত্রণালয়	জনাব দেবাংশু কুমার সিংহ সিনিয়র সহকারী সচিব (বাজেট-৮) ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫	জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩) ফোনঃ ২২২৩৩৫৪০০৫
২১.	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	জনাব দেবাংশু কুমার সিংহ সিনিয়র সহকারী সচিব (বাজেট-৮) ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫	জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩) ফোনঃ ২২২৩৩৫৪০০৫
২২.	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	জনাব দেবাংশু কুমার সিংহ সিনিয়র সহকারী সচিব (বাজেট-৮) ফোনঃ ২২২৩৩৫৩৬৫৫	জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩) ফোনঃ ২২২৩৩৫৪০০৫
২৩.	সমাজ কল্যাণ মন্ত্রণালয়	জনাব মোঃ রাজিবুল আহসান উপসচিব (বাজেট-৯) ফোনঃ ২২৩৩৮৮৫৮৮	জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন যুগ্মসচিব (বাজেট অধিশাখা-৩) ফোনঃ ২২২৩৩৫৪০০৫
